দৈনিক বাংলা

29 OCT 1991
তারিখ ... ৪ ... কলাম ৪
পৃষ্ঠা

# বুয়েটে শান্তি ফিরে আসেনি : কর্মবিরতি চলবে : শিক্ষক সমিতি

।। স্টাফ রিপোর্টার ।।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর জসিম উজ-জামান বুয়েটে শান্তিপূর্ণ পরিবেশ ফিরে আসেনি বলে অভিযোগ করে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বলেছেন, বিচার বিভাগীয় তদন্ত কমিশনের কাজ শুরু হয়নি। ক্যাম্পাসে নিরাপত্তা বিধান করা হয়নি, ক্ষতিগ্রস্ত শিক্ষকদের ক্ষতিপূরণের ব্যাপারেও কোন ব্যবস্থা নেয়া হয়নি। তাই আমরা কর্মবিরতি অব্যাহত রেখেছি।

তিনি সোমবার জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা বলেন।

তিনি বলেন, গত ২৩শে অক্টোবর সমিতির এক সভায় চর সপ্তাহের মধ্যে তদন্ত কমিশনের রিপোর্ট প্রদান এবং এক সপ্তাহের মধ্যে ক্ষতিগ্রস্ত শিক্ষক-দের ক্ষতিপূরণ দানের দাবী করা হয়েছে। এর প্রেক্ষিতে আগামীকাল ৩০শে অক্টোবর অনুষ্ঠিতব্য সমিতির সাধারণ সভায় পরবর্তী সিদ্ধান্ত ঘোষণা। করা হবে বলে তিনি জানান।

তিনি বলেন, আমরা প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী সকলেই সম্পূর্ণ রাজনৈতিক নিরপেক্ষতা বজায় রেখে দেশের এই অস্থির পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কাজকর্ম চালু রাখতে সচেষ্ট ছিলাম। কিন্তু বর্তমানের এই অসহায় পরিস্থিতিতে আমাদের নিরাপত্তার নিশ্চয়তা প্রদান, ক্ষতিগ্রস্ত শিক্ষকদের সম্পূর্ণ ক্ষতিপূরণ ও দোষী ব্যক্তিদের শাস্তির ব্যবস্থা করা দরকার। ক্যাম্পাসে জানমালের নিরাপত্তা বিধানে সরকারের স্পষ্ট নিশ্চয়তা পেলে বুয়েটের শিক্ষাক্রম চালু হতে পারে বলে তিনি মন্তব্য করেন।